



নং- ২০২২/০ ৪৩

তারিখ: ১০/০৪/২০২২ খ্রি.

**২০২০ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি**

কলেজের ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে অবহিত করা যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তির (স্মারক নং- ০৫/৫২৬) জাতীয় বিঃ/পরীঃ/ডিগ্রি পাস/ ২০২০/৪৫৪৫ তারিখ : ০৪/০৪/২০২২খ্রি.) নির্দেশনা অনুযায়ী ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের নিয়মিত, ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার ফরম পূরণ শুরু হয়েছে। আগ্রহী পরীক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nubd.info/degree-pass) এ গিয়ে Apply to online Form Fillup (For Student)- এ লিংক ক্লিক করে নিজ রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে। পূরণকৃত ফরম প্রিন্ট করে উক্ত প্রিন্ট কলেজ অফিসে প্রদর্শন পূর্বক বকেয়া টাকার রসিদ সংগ্রহ করতে হবে। গৃহীত রসিদের মাধ্যমে আগামী ১৯/০৫/২০২২খ্রি. তারিখের মধ্যে “বাংলাদেশ কৃষি ব্যাংক” রাংগুনিয়া কলেজ শাখায় টাকা জমা করে, উক্ত রসিদ নিম্নলিখিত সম্মানিত পরীক্ষা কমিটিকে প্রদর্শন করে নামের পাশে উল্লিখিত তারিখের মধ্যে স্বাস্থ্যবিধি মেনে আবেদন ফরম জমা দেয়ার জন্য পরামর্শ দেয়া গেল।

**সম্মানিত পরীক্ষা কমিটির নিম্নরূপঃ**

পরীক্ষা কমিটির নাম	বিভাগ	শিক্ষার্থী কর্তৃক ফরম পূরণের তারিখ	পূরণকৃত ফরম জমা দেয়ার তারিখ
জনাব মর্তুজা মোরশেদুল আনোয়ার	বিএ	০৭/০৪/২০২২খ্রি. হতে ১৭/০৫/২০২২খ্রি. পর্যন্ত	১৬/০৫/২০২২খ্রি. হতে ১৯/০৫/২০২২খ্রি. পর্যন্ত
জনাব জয়নাল আবেদীন	বিএসএস/বিএসসি		
জনাব আখতারুজ্জামান	বিবিএস		

**পরীক্ষার্থীদের করণীয়ঃ**

- আগামী ০৯/০৫/২০২২খ্রি. তারিখ থেকে অনুষ্ঠিতব্য ইনকোর্স পরীক্ষায় আবশ্যিকীয়ভাবে অংশগ্রহণ করতে হবে।
- পরীক্ষার্থীগণ আবেদন ফরম অনলাইন থেকে সংগ্রহ করার সময় সঠিকভাবে বিষয়কোড লিখতে হবে। ভুল বিষয়কোড পূরণের জন্য ছাত্র-ছাত্রী নিজেই দায়ী থাকবে।
- পূরণকৃত আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে পাসপোর্ট সাইজের ০২ কপি রঙ্গিন ছবি আটা দিয়ে লাগাতে হবে।

**পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী:****ক) ডিগ্রি পাস কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (নিয়মিত):**

- ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী এবং ২০১৯ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ (Promoted) হয়েছে সে সকল শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।
- উপরোক্ত শিক্ষার্থীদেরকে ৩য় বর্ষে “ইংরেজি” আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- এ সকল শিক্ষার্থীদেরকে ব্যবহারিক সম্বলিত বিষয়ের ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

**খ) ডিগ্রি পাস কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (অনিয়মিত) :**

- ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে যে সকল শিক্ষার্থী ২০১৬, ২০১৭, ২০১৮ ও ২০১৯ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে উত্তীর্ণ (Promoted) হয়েছে কিন্তু ২০১৭, ২০১৮ ও ২০১৯ সালের ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- উপরোক্ত শিক্ষার্থীদেরকে ৩য় বর্ষে “ইংরেজি” আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থী যারা ২০১৬, ২০১৭ ও ২০১৮ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করে কোন কোর্সে/পত্রে F গ্রেড পেয়েছে তারা F গ্রেড প্রাপ্ত কোর্সে/পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

**গ) মানোন্নয়ন :**

- ২০১৯ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের চূড়ান্ত পরীক্ষার ফলাফল প্রকাশের পর CGPA 2.25 বা এর বম প্রাপ্ত শিক্ষার্থীরা পূর্বে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করে নাই ৩য় বর্ষের এমন সর্বোচ্চ দুটি কোর্সে মানোন্নয়ন (C এবং D গ্রেড প্রাপ্ত) পরীক্ষা দিতে পারবে। ব্যবহারিক পরীক্ষায় মনোন্নয়নের সুযোগ নাই।

উল্লিখিত তারিখের মধ্যে ফরম জমা দিতে ব্যর্থ হলে, পরীক্ষায় অংশ গ্রহণে সৃষ্ট যেকোন জটিলতার জন্য কেবল মাত্র শিক্ষার্থী নিজেই দায়ী থাকবে। কলেজ কর্তৃপক্ষকে কোনরূপ দায়ী করা যাবে না।

এ. কে. এম. সুজা উদ্দীন

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।

**অনুলিপিঃ**

- জনাব মর্তুজা মোরশেদুল আনোয়ার, আহ্বায়ক, ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স পরীক্ষা কমিটি-২০২০।
- জনাব জয়নাল আবেদীন, সদস্য, ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স পরীক্ষা কমিটি-২০২০।
- জনাব আখতারুজ্জামান, সদস্য, ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স পরীক্ষা কমিটি-২০২০।
- জনাব এ.কে.এম আর মুসা, প্রধান সহকারী ও জনাব মোঃ ছফর মিয়া, কম্পিউটার অপারেটর - ডাটা এন্ট্রি ও ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশের জন্য।
- অফিস নথি।